সংবাদ

তারিখ : 14 JUL 2009
পৃষ্ঠা ... কলাম ...



গতকাল তেজগাঁও পলিটেকনিক কলেজে দু'গ্রুপের সংঘর্ষে পুলিশের সামনে রামদা হাতে এক ছাত্রলীগ কর্মী —সংবাদ

# তেজগাঁও পলিটেকনিকে ছাত্রলীগ দু'গ্রুপে সংঘর্ষ : আহত ১০

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর তেজগাঁও পলিটেকনিক্যাল ইনস্টিটিউটের লতিফ ছাত্রাবাসে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে কমপক্ষে ১০ জন আহত হয়েছেন। গতকাল সকালে ইনস্টিটিউট ক্যাম্পাসে এক ছাত্রকে মারধরের ঘটনাকে কেন্দ্র করে এ সংঘর্ষের ঘটনা ঘটে। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ইনস্টিটিউট ক্যাম্পাস লতিফ হলের সামনে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

শিল্পাঞ্চল থানার অপারেশন অফিসার ...হচ উদ্দিন জানান, গতকাল সকালে ইনস্টিটিউটের প্রথম বর্ষের এক ছাত্রের সঙ্গে তৃতীয় বর্ষের এক ছাত্রের বাগবিতণ্ডা হয়। বাগবিতণ্ডার এক পর্যায়ে প্রথম বর্ষের ছাত্রটি তৃতীয় বর্ষের এক ছাত্রকে মারধর করে। সহপাঠীরা তাৎক্ষণিকভাবে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। পরে এ ঘটনা লতিফ হলে ছড়িয়ে পড়লে ছাত্রলীগের একটি গ্রুপ ক্ষিপ্ত হয়ে ওঠে। ছাত্রলীগের কর্মীরা সিনিয়র ছাত্রকে মারার অভিযোগে প্রথম বর্ষের ছাত্রের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবি জানায়। এ দাবি নিয়ে ছাত্রলীগ কর্মীরা দুটি গ্রুপে বিভক্ত হয়ে পড়ে। ছাত্রলীগ নেতা জাকির ও শাহিন গ্রুপ এবং রাসেল ও কমলেস গ্রুপ নিজেদের মধ্যে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এক পর্যায়ে লতিফ ছাত্রাবাসের সামনের বেগুনবাড়ি সড়কে মুখোমুখি অবস্থান নেয়। পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সংঘর্ষের সময় কমপক্ষে ১০ জন আহত হয়েছেন। বিকেলে উদ্ভূত পরিস্থিতি নিয়ে ইনস্টিটিউটের প্রিন্সিপাল ছাত্রলীগ নেতাদের নিয়ে বৈঠকে বসেছেন।

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান, পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ইনস্টিটিউট ক্যাম্পাস এবং লতিফ হলের সামনে ও আশপাশে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। এ ঘটনায় থানায় কোন অভিযোগ দায়ের করা হয়নি বলে তিনি জানান।